সাবীলুল জান্নাত এয়ার ট্রাভেলস এর মহামান্য হাইকোর্টে বিভাগের নির্দেশনা মোতাবেক বাতিলাদেশ মঞ্জুর সংক্রান্ত আদেশনামা

আপীল নং-১০৯/২০২১

তারিখঃ ২৮/১০/২০২১

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
১৯/০৪/২০২২		

অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। জনাব মো: আবু সাঈদ, ব্যবস্থাপনা অংশীদার, সাবীলুল জান্নাত এয়ার ট্রাভেলস, প্লট-৩৪, রোড-২, সেক্টর-৩, উত্তরা, ঢাকা হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। যা লিপিবদ্ধ করা হলো। আপীলকারী জানান যে, তাঁর ট্রাভেল এজেন্সীর নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ২২/০৩/২০২২ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদন বাতিল করা হয়। উক্ত বাতিলাদেশের বিরুদ্ধে গত ২৮/১০/২০২১ তারিখে আপীল দায়ের করেন। আপীল কর্তৃপক্ষ শুনানী শেষে ০৯/১২/২০২১ তারিখের ১০৯/২০২১ নং আপীলটি নামঞ্জুর করেন। আপীলকারী উক্ত নামঞ্জুর আদেশের পরিপ্রেক্ষিতে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে ৩৫৬৪/ ২০২২ নং রিট পিটিশন দাখিল করেন। উক্ত মহামান্য হাইকোর্ট বিভাগ থেকে ১৬/০৩/২০২২ তারিখের আদেশে ট্রাভেল এজেন্সীর লাইসেন্স নবায়ন ফি প্রদান সাপেক্ষে নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

বিচার্য বিষয়াবলী:

(ক) মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের ভিত্তিতে আপীলকারীর পুনরায় শুনানী কারণসমূহ যুক্তিযুক্ত কিনা?

(খ) আপিলকারী প্রতিকার পাওয়ার হকদার কিনা?

আপিলকারীর বক্তব্য: শুনানীর সময় এজেন্সীর মালিক জানান যে, তাঁর ব্যবসা-বাণিজ্য বিভিন্ন ঝামেলা সমস্যার কারণে নির্ধারিত সময়ের মধ্যে নবায়নের আবেদন দাখিল করা হয়নি। ফলে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদন বাতিল করা হয় এবং আপীল কর্তৃপক্ষ বাতিলাদেশ বহাল রাখেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশনে ট্রাভেল এজেন্সীর লাইসেন্স নবায়ন ফি প্রদান সাপেক্ষে নবায়ন সনদ প্রদানের নির্দেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের পরিপ্রেক্ষিতে লাইসেন্স নবায়নের সুযোগ প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া, আপীলকারী মহামান্য হাইকোর্ট বিভাগের ১৬/০৩/২০২২ তারিখের আদেশে সার্টিফাইড কপি, সংশ্লিষ্ট কাগজপত্রাদি প্রদর্শন করেন।

পর্যালোচনা, সিদ্ধান্ত এবং সিদ্ধান্তের কারণসমূহ :

(ক) আপীলকারীর বক্তব্যে পর্যালোচনা করে দেখা যায় যে, সাবীলুল জান্নাত এয়ার ট্রাভেলস এজেন্সীটির নিবন্ধন আবেদনের মেয়াদ উর্ত্তীণের তারিখ ছিল ৩১/১০/২০১৯। কিন্তু এজেন্সীটি নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট নবায়ন আবেদন দাখিল করেছেন **১৯/০৩/২০২০** তারিখ। তাঁর ট্রাভেল এজেন্সীর নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ৭(২) ধারায় এবং " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর ৫(১) বিধি অনুসারে গত ২২/০৩/২০২০ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদন বাতিল করেন। পরবর্তীতে আপীলকারী কর্তৃপক্ষের নিকট ১০৯/২০২১ নং আপীল দায়ের করেন, যাহা ০৯/১২/২০২১ তারিখে নামঞ্জুর হয়। উক্ত আদেশের বিরুদ্ধে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে ৩৫৬৪/২০২২ নং রিট পিটিশন দাখিল করেন। মহামান্য হাইকোর্ট ১৬/০৩/২০২২ তারিখের আদেশে প্রয়োজনীয় ফি প্রদান সাপেক্ষে আবেদনকারীর অনুকূলে ট্রাভেল এজেন্সী নবায়ন সনদ প্রদানের নির্দেশনা প্রদান করেছেন। এতদপ্রেক্ষিতে আপীলকারীর পুনরায় শুনানী গ্রহণ করা হয়। আপীলকারী শুনানী সময় মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা সরকারি রাজস্ব খাতে নির্ধারিত কোর্ডে নবায়ন ফি ও ভ্যাট বাবদ চালান জমা প্রদান করতে হবে। বর্তমানে কাগজপত্রাদি সঠিক প্রতীয়মান হওয়ায় ব্যবসা চলমান রাখা, সরকারি ফি আদায় ও জনস্বার্থে আপীলকারীর বক্তব্য গ্রহন করা হলো। অতএব আদেশ হলো যে;

আদেশ

মহামান্য হাইকোর্ট বিভাগের ১৬/০৩/২০২২ তারিখের ৩৫৬৪/২০২২ নং রিট পিটিশনের নির্দেশনা মোতাবেক আপীলকারীর পুনরায় শুনানী করা হয়। আপীলকারীর জবাব সন্তোষজনক হওয়ায় "বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারা এবং " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ১১(২) এর বিধান অনুযায়ী আপীল নং ১০৯/২০২১ আপীল কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ০৯/১২/২০২১ তারিখের আদেশটি পুনবিবেচনা করে আপীলকারীর আবেদন মঞ্জুরপূর্বক বিধি মোতাবেক সকল ধরনের নির্ধারিত ফি/পাওনাদি পরিশোধ সাপেক্ষে সনদ নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধনকারী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

স্বাক্ষরিত/-১৯/০৪/২০২২
(মোঃ অলিউল্লাহ)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) আপীল কর্তৃপক্ষ এর দপ্তর

নং- ৩০.০০.০০০০.০০৩.৯৯.১০৯.২০২১ - ৮৩১ তারিখঃ ২০/০৪/২০২২

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।
৩) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিট্রন পুলিশ, ঢাকা।
৪) যুগ্ন-সচিব(নিবন্ধন কর্তৃপক্ষ),বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) জেলা প্রশাসক, ঢাকা।
৬) উপসচিব (আইন)/ (পর্যটন-৩) বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা
৮) প্রোগ্রামার, এ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশে জন্য)।
০৯) অতিরিক্ত সচিব (প্রশাসন ও পর্যটন) ও আপীল কর্তৃপক্ষের ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১০) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০।
১১) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
১২) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----------------------------------
১৩) জনাব মো: আবু সাঈদ, ব্যবস্থাপনা অংশীদার, ছাবিলুল জান্নাত এয়ার ট্রাভেলস, প্লট-৩৪, এইচ, এম প্লাজা, কক্ষ নং-১২-বি, লেভেল-৪, রোড-২, সেক্টর-৩, উত্তরা, ঢাকা।

সৈয়দ শরিফুল ইসলাম
পর্যটন-৩ শাখা
ফোন: ০২-৯৫৪০৮৩৯
ই-মেইল: dstourism3@mocat.gov.bd